থানায় জিডি করার নিয়ম
সম্মানিত বন্ধুগন আমরা সমাজে বসবাসকরতে গিয়ে বিভিন্ন জামেলার সম্মুখিন হই। পারিবারিক, সামজিক, রাজনৈতিক আরো বিভিন্ন ধরনের সমস্যার সম্মুখিন হই। যাহা আমরা প্রাথমিক ভাবে সমাজের সালিসের মাধ্যমে সমাধা করি। যদি তা না হয় তাহলে ইউপি চেয়ারম্যানের নিকট স্বরনাপন্ন হই। তাহাতেও যদি সমাধা না হয় তাহলে আমরা থানায় অভিযোগ দায়ের করি। থানায় কিভাবে অভিযোগপত্র লেখবেন সে সম্পর্কে আজকের আলোচনা । কয়েকটি জিনিস আমাদেরকে অনুসরণ করতে হবে। যেমন নিচে দেওয়া হল।

১। বাদীর ঠিকানা।
২। বিবাদীর ঠিকানা।
৩। স্বক্ষীদের ঠিকানা।
৪। মূল ঘটনার সার-সংক্ষেপ।

যেমন নিচের নমুনাটি দেখলে সহজে উপলব্দ অনুধাবন করতে পারবেন। 👇

বরাবর
অফিসার ইনচার্জ
মনোহরগঞ্জ, জেলা-কুমিল্লা ।

**বিষয় : অভিযোগ ।**

**বাদী :** রহিমা বেগম (৫৭), স্বামী-মৃত দেলোয়ার হোসেন, সাং-দাঁড়াচৌ (মোল্লা বাড়ি), ০৮নং জলপাই ইউপি, থানা- ইসলামাবাদ, জেলা-কুমিল্লা।

**বিবাদীঃ** ১। আসমা বেগম (২৬), পিতা-বাচ্চু মিয়া, স্বামী-আব্দুর রহমান, সাং-মৈশাতুয়া (নুতন বাড়ি), ০৬নং খুনজিয়া ইউপি, থানা-ইসলামাবাদ, জেলা-কুমিল্লা । মোবাইল-০১৭৪৬১১৬৪১৩ ।

**সাক্ষীঃ** ১। মীর হোসেন, পিতা-মৃত মোখলেছুর রহমান, সাং-দাঁড়াচৌ, ২। ফয়েজ মেম্বার, পিতা-আরেফিন মেম্বার, সাং- জাহেরপুর, ৩। রুনা আক্তার, স্বামী-ওসমান গনি, সাং-দাঁড়াচৌ, থানা-ইসলামাবাদ, জেলা-কুমিল্লাসহ আরো অনেকে।

জনাব
বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী অত্র থানায় হাজির হইয়া বর্ণিত বিবাদীর বিরুদ্ধে অভিযোগ দায়ের করিতেছি যে, বিবাদী আমার ছেলে আব্দুর রহমান এর স্ত্রী । আমার ছেলে বর্তমানে সৌদি আরব প্রবাসী। বিবাদী তাহার ০২ সন্তানকে নিয়া আমার বাড়িতে আমার সাথে থাকে। বিবাদী আমার বাড়িতে থাকিয়া পারিবারিক বিভিন্ন বিষয় নিয়া আমার সাথে ও আমার ছেলের সাথে বিরোধ করিয়া প্রায় সময় তাহার পিতার বাড়িতে চলে যাইয়া আবার বাড়িতে ফিরে আসে। বিবাদীর এহেন কাজের বিষয়ে ইতিপূর্বে একাধিকবার বিচার সালিস হলেও বিবাদী সংশোধন হয় নাই। গত ০৪/০৫ পূর্বে বিবাদীর সহিত আমার ছেলের পারিবারিক বিভিন্ন বিষয় নিয়া মোবাইল ফোনে কথা কাটাকাটি হয়। আমার সাথে বিবাদীর কোন বিষয়ে বিরোধ নাই। বিবাদী

আমার ছেলের সহিত বিরোধ করিয়া গত-১১/০৬/২০২৪ইং বিকাল অনুমান ০৫.০০ঘটিকার সময় তাহার ০২ সন্তানকে ও আমার বসতঘর থেকে নগদ ৫০,০০০/-টাকা, ০৮ আনা ওজনের স্বর্ণের চেইন ০১টি, ০১টি সেলাই মেশিনসহ তাহার পিতার বাড়িতে চলে যায়। বিবাদী যাওয়ার সময় সাক্ষীগন বিবাদীকে নিষেধ করিলে ও বিবাদী সাক্ষীগনের নিষেধ উপেক্ষা করিয়া চলে যায়। আমি বিবাদীকে ঈদের পরে তাহার পিতার বাড়িতে যাওয়া জন্য অনুরোধ করার পরও বিবাদী আমার ০২ নাতীকে নিয়া চলে যায়। বিবাদী বর্তমানে তাহার পিতার বাড়িতে আছে। এমতাবস্থায় বিবাদীর এহেন কাজের বিষয়ে আইনগত সহায়তা প্রয়োজন। আত্মীয় স্বজনের সহিত পরামর্শ করার কারনে অভিযোগ দায়ের করতে বিলম্ব হইল।
অতএব, মহোদয় উক্ত বিষয়ে আইনগত সহায়তা করিতে মর্জি হয় ।

**নিবেদক**
(রহিমা বেগম) ০১৭৬৮১০০৮৩৭

সম্মানিত বন্ধুগন এরকম আরো বিভিন্ন ধরনের প্রয়োজনীয় দরখাস্ত পেতে আমার সাইটটি আপনার জি-মেইল দিয়ে সাবস্ক্রাইব করে রাখুন। নিচে প্রয়োজনীয় আরো কিছু দরখাস্তের লিংক দেওয়া হল। 👇
১। চাকুরী হতে অব্যাহতি পত্র | ছাড় পত্রল | ডকফাইল | পিডিএফ ফাইল
২। চিকিৎসা ছুটির আবেদন
৩। নিয়োগপত্র প্রাপ্তির জন্য আবেদন।